আজকের কাগজ
আজকের কাগজ

তারিখ 02 SEP 1992
পৃষ্ঠা ১৬ কলাম ৩

127

# গোবিন্দগঞ্জে দু'টি রেজিস্ট্রেশনকৃত বিদ্যালয় কাগজে–কলমে আছে, বাস্তবে নেই

গাইবান্ধা জেলায় গোবিন্দগঞ্জ থানায় দু'টি ভুয়া বেসরকারি রেজিস্ট্রেশনকৃত প্রাথমিক বিদ্যালয়ের সন্ধান পাওয়া গেছে। এ দু'টি বিদ্যালয় হচ্ছে, মোগলটুলি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও ধন্দিয়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। সম্প্রতি স্থানীয়ভাবে তদন্তে এ দু'টি বিদ্যালয়ের স্কুলগৃহ ও ছাত্র–ছাত্রীর কোনো সন্ধান পাননি।

উল্লেখ্য, অত্র থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে গত '৯০–৯১ সালে ৪৬টি বেসরকারি প্রাথমকি বিদ্যালয় রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়। এবং প্রতিটি বিদ্যালয়ে ৪ জন শিক্ষকের জন্য ৫শ' টাকা হারে সম্মানীভাতাও প্রদান করা হয়েছে। এসব ভাতা সরকারি রাজস্ব খাত থেকে বরাদ্দ। অথচ থানা শিক্ষা কর্মকর্তা ভুয়া কাগজপত্র ও তথ্য প্রদান করে এ বিদ্যালয় দু'টি নিয়ম বহির্ভূতভাবে রেজিস্ট্রেশন করে পাঠান। ভুয়া কাগজপত্রে ৫টি শ্রেণী কক্ষ, ২শ' ৫০ জন ছাত্র–ছাত্রী ও ৫০ শতাংশ জমির ওপর স্কুল গৃহনির্মাণ দেখানো হলেও বাস্তবে তার কোনো চিহ্ন নেই।

ফলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। শুধু তাই নয় গত দু' বছরে এ দু'টি বিদ্যালয়ের ৮ জন শিক্ষক ৫০ হাজার টাকা উত্তোলন করেছে। এ দু'টি ভুয়া প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এসব ভুয়া শিক্ষককে অনুদান প্রদান না করার জন্যে থানা শিক্ষা কর্মকর্তার কাছে আবেদন জানিয়েও কোনো ফল হয়নি।

এ ব্যাপারে থানা শিক্ষা কর্মকর্তা দু'টি বিদ্যালয়ের শিক্ষককে স্কুলগৃহ তৈরি এবং ছাত্র–ছাত্রীসহ ক্লাস করার জন্যে জরুরি পত্র দিয়েছেন। খবর গাইবান্ধা থেকে জেলা প্রতিনিধি।